

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.coop.gov.bd

নম্বর: ৪৭.৬১.০০০০.০০০.০০৪.০২.০০১৮.২৩. ৬১১-৬/৩

তারিখ: ২৬ বৈশাখ ১৪৩৩
২১ মে ২০২৬

আদেশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব মহোদয় এবং নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা মহোদয়কে বিবাদী করে যে সকল মামলা মহামান্য সুপ্রিম কোর্ট, হাইকোর্ট ও অন্যান্য আদালতে চলমান রয়েছে সে সকল মামলা যথাযথভাবে যথাসময়ে মামলার জবাব প্রদানসহ নিবিড়ভাবে তদারকি করে মামলা পরিচালনা করতে হবে। যদি কোন মামলায় কারো তদারকি/গাফিলতির কারণে সরকার পক্ষ হেরে যায় বা আদালত অবমাননা মামলার উদ্ভব হয় তাহলে সংশ্লিষ্ট তদারকি কর্মকর্তা/কর্মচারী ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-মোঃ নবীরুল ইসলাম
অতিরিক্ত-নিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স)
সমবায় অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং: ৪৭.৬১.০০০০.০০০.০০৪.০২.০০১৮.২৩. ৬১১/১(৬১)-৬/৩ তারিখ: ২৬ বৈশাখ ১৪৩৩
২১ মে ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ০১। অতিরিক্ত নিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স)/(অডিট ও আইন)/(সমিতি ব্যবস্থাপনা)/(ইপিপি), সমবায় অধিদপ্তর, ঢাকা।
- ০২। যুগ্মনিবন্ধক..... (সকল), সমবায় অধিদপ্তর, ঢাকা।
- ০৩। যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/ময়মনসিংহ/বরিশাল/রংপুর ও সিলেট।
- ০৪। উপনিবন্ধক.....(সকল), সমবায় অধিদপ্তর, ঢাকা।
- ০৫। সহকারী নিবন্ধক..... (সকল), সমবায় অধিদপ্তর, ঢাকা।
- ০৬। সহকারী প্রোগ্রামার (এমআইএস), সমবায় অধিদপ্তর, ঢাকা। তাকে জারিকৃত আদেশ সমবায় অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল।
- ০৭। সংশ্লিষ্ট নথি।

মোহাম্মদ সফিকুল ইসলাম
উপনিবন্ধক (প্রশাসন)
সমবায় অধিদপ্তর, ঢাকা।